# ক্যালিফোর্নিয়ায় বিধ্বস্ত মার্কিন নৌবাহিনীর এফ-৩৫ যুদ্ধবিমান



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে মার্কিন নৌবাহিনীর একটি এফ-৩৫ যুদ্ধবিমান বিধ্বস্ত হয়েছে। দুর্ঘটনার ঠিক আগে ইজেক্ট করে নিরাপদে বেরিয়ে আসায় প্রাণে বেঁচে যান পাইলট। পরে তাকে দ্রুত উদ্ধার করা হলেও তার শারীরিক অবস্থা সম্পর্কে বিস্তারিত জানানো হয়নি। এ তথ্য জানিয়েছে রয়টার্স।

স্থানীয় সময় শুক্রবার (৩১ জুলাই) সান দিয়েগোর মিরামার এয়ার স্টেশনের রানওয়ের কাছে যুদ্ধবিমানটি বিধ্বস্ত হয়। মার্কিন সামরিক বাহিনীর এক মুখপাত্র ঘটনাটিকে দুর্ঘটনা হিসেবে উল্লেখ করেছেন। তবে কী কারণে বিমানটি বিধ্বস্ত হয়েছে, তাৎক্ষণিকভাবে সে বিষয়ে কোনো তথ্য জানানো হয়নি।

ঘটনাস্থলের ভিডিওতে দেখা যায়, দুর্ঘটনার পরপরই একাধিক জরুরি সেবা ইউনিট সেখানে পৌঁছে যায়। ফায়ার সার্ভিসের সদস্যরা পানি ও অগ্নিনির্বাপণ রাসায়নিক ব্যবহার করে আগুন নিয়ন্ত্রণে কাজ করেন। বিমানটি বিধ্বস্ত হওয়ার পর আশপাশের ঘাসে আগুন ছড়িয়ে পড়ে, এতে বিস্তীর্ণ এলাকা পুড়ে কালচে হয়ে যায়।

উল্লেখ্য, এফ-৩৫ যুদ্ধবিমানের তিনটি সংস্করণ রয়েছে। এর মধ্যে এফ-৩৫বি সংস্করণটি মূলত মার্কিন নৌবাহিনীর ব্যবহারের জন্য তৈরি। এটি বিশ্বের অন্যতম আধুনিক স্টেলথ যুদ্ধবিমান হিসেবে পরিচিত।

LENS ASIA